

মো. জাহাঙ্গীর হোসেন নড়াইল জেলার শাহাবাদ ইউনিয়নের চরবিলা গ্রামের এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে ১৯৫৮ সালের ৩ এপ্রিল জন্মগ্রহণ করেন। তিনি বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ থেকে ১৯৮১ সালে কৃষি অর্থনীতি বিভাগ থেকে স্নাতক(সম্মান) ডিগ্রি অর্জন করেন।

তিনি ১৯৮১ সালে বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প সংস্থায় প্রথম শ্রেণীর কর্মকর্তা হিসেবে যোগদান করেন। বিসিএস পরীক্ষার মাধ্যমে ১৯৮৪ সালে বিসিএস (তথ্য) ক্যাডার কর্মকর্তা হিসেবে ১৯৮৬ সালের জানুয়ারি চাকরিতে যোগদান করেন।

জনাব মো: জাহাঙ্গীর হোসেন ১৫ সেপ্টেম্বর ২০১৬ তারিখে বাংলাদেশ ফিল্ম আর্কাইভে মহাপরিচালক (চলতি দায়িত্ব) পদে যোগদান করেন এবং ১৮ সেপ্টেম্বর ২০১৬ তারিখ থেকে দায়িত্ব পালন করছেন।

তিনি ২৪ জুন ২০১৫ থেকে ১৪ সেপ্টেম্বর ২০১৬ পর্যন্ত বাংলাদেশ প্রেস ইন্সটিটিউটে (পিআইবি) এর পরিচালক (অধ্যয়ন এবং প্রশিক্ষণ) বিভাগের দায়িত্ব পালন করেন। ১৭ জানুয়ারী ২০০৮ থেকে ৯ মে ২০১০ পর্যন্ত বাংলাদেশ প্রেস ইন্সটিটিউটে (পিআইবি) পরিচালক (প্রশাসন)এর দায়িত্ব পালন করেন এবং ১৬ এপ্রিল থেকে ২৭ এপ্রিল ২০০৯ পর্যন্ত তিনি বাংলাদেশ প্রেস ইন্সটিটিউট (পিআইবি) এর মহাপরিচালক (ভারপ্রাপ্ত) পদে দায়িত্ব পালন করেন। তিনি তথ্য অধিদপ্তরে ১০ মে ২০১০ থেকে ৩০ জুলাই ২০১১ পর্যন্ত সিনিয়র উপপ্রধান তথ্য অফিসারের দায়িত্ব পালন করেন। ৩১ জুলাই ২০১১ থেকে ২৩ নভেম্বর ২০১১ পর্যন্ত বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ডের ভাইস চেয়ারম্যান ছিলেন। পুনরায় ২৪ নভেম্বর ২০১১ থেকে ২৩ জুন ২০১৫ পর্যন্ত তথ্য অধিদপ্তরে সিনিয়র উপপ্রধান তথ্য অফিসারের দায়িত্ব পালন করেন। ৩০ জুলাই ২০০০ থেকে ২২ মে ২০০৫ পর্যন্ত তিনি চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরে উপ পরিচালক (প্রশাসন) এবং পরে বিজ্ঞাপন ও নিরীক্ষা শাখার দায়িত্ব পালন করেন।

জনাব মোঃ জাহাঙ্গীর হোসেন ২১ মার্চ ১৯৯২ থেকে ৩০ জুলাই ২০০০ সাল পর্যন্ত বাংলাদেশ জাতীয় সংসদসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ মন্ত্রণালয়ে, স্পীকার এবং মন্ত্রীদের দফতরে ব্যবস্থাপনা, তথ্য ও গনসংযোগের দায়িত্ব পালন করেন। সরকারী চাকুরীর শুরুতে ২১ জানুয়ারী ১৯৮৬ থেকে ২৭ মার্চ ১৯৯২ পর্যন্ত তিনি মাগুরা জেলা তথ্য অফিসে জেলা তথ্য অফিসারের দায়িত্ব পালন করেছেন।

তিনি দেশে বিদেশে বিভিন্ন বিষয়ের ওপর প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। এর মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে-জাতীয় প্রতিরক্ষা কলেজ (এনডিসি) থেকে ২০১৪ সালে **Capstone Course**, ১৯৯৯ সালে সুইডেনে **Information Technology Management** কোর্স, ২০১২ সালে মালয়েশিয়ায় **Strengthening Government through Capacity Development of the BCS Cadre Officials of Bangladesh** কোর্স, ২০১৪ সালে ভারতে **Orientation Workshop for Journalists/Media Persons on SAARC** কোর্স ইত্যাদি।

চাকুরীকালীন তিনি সুইডেন, সৌদি আরব, মালয়েশিয়া, ফিলিপাইনস এবং ভারত ভ্রমণ করেছেন। তিনি পত্র-পত্রিকায় লেখালেখি করে থাকেন। তার উল্লেখযোগ্য প্রকাশনার মধ্যে রয়েছে- **“Development Communication”**, **“Election under Caretaker Government in Bangladesh”**, **“Unnanshil Deshe Pracxhar Avizaner Ruparekha (The structure of Publicity campaign in Developing Countries)”** ইত্যাদি। তিনি বিবাহিত এবং তিন কন্যা, এক পুত্র সন্তানের জনক।